



বিএমএ নিউজ

03 ৯৮ 1423/17 gvP 2017

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন

আজ ১৭ মার্চ। স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম শুভ জন্মদিন ও জাতীয় শিশু দিবস। বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি উদযাপন করেছে। বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরীর নেতৃত্বে কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সদস্য, কেন্দ্রীয় কাউন্সিল সদস্যসহ ঢাকাস্থ বিভিন্ন ইনস্টিটিউট, হাসপাতাল ও মেডিকেল কলেজের চিকিৎসকগণ সকাল ৭:০০টায় ধানমন্ডি ৩২ নং সড়কে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও দিবসটি উদযাপন উপলক্ষে বিএমএ বঙ্গবন্ধু স্মরণে বিশেষ পোস্টার প্রকাশ ও রাজধানী ঢাকাসহ বিএমএ'র সকল শাখায় ব্যানার -পোস্টার প্রদর্শনের ব্যবস্থা করেছে। বিএমএ শাখা সমূহও স্থানীয় ভাবে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি উদযাপন করেছে।

